

আশ-শুআ'রা | Ash-Shu'ara | الشُّعْرَاء

আয়াতঃ ২৬ : ৫০

আরবি মূল আয়াত:

قَالُوا لَا ضَيْرَ إِنَّا إِلَىٰ رَبِّنَا مُنْقَلِبُونَ ﴿٥٠﴾

অনুবাদসমূহ:

তারা বলল, 'কোন ক্ষতি নেই তাতে। অবশ্যই আমরা তো আমাদের রবের দিকেই ফিরে যাব।' — আল-বায়ান

তারা বলল- কোনই ক্ষতি নেই, আমরা আমাদের প্রতিপালকের পানে প্রত্যাবর্তন করব। — তাইসিরুল

তারা বললঃ কোন ক্ষতি নেই, আমরা আমাদের রবের নিকট প্রত্যাবর্তন করব। — মুজিবুর রহমান

They said, "No harm. Indeed, to our Lord we will return. — Sahih International

৫০. তারা বলল, কোন ক্ষতি নেই(১), আমরা তো আমাদের রব-এর কাছেই প্রত্যাবর্তনকারী।

(১) অর্থাৎ যখন ফিরআউন জাদুকরদেরকে বিশ্বাস স্থাপনের কারণে হত্যা, হস্ত-পদ কর্তন ও শূলে চড়ানোর হুমকি দিল, তখন জাদুকররা অত্যন্ত তাচ্ছিল্যভরে জবাব দিলঃ তুমি যা করতে পার, কর। আমাদের কোন ক্ষতি নেই। আমরা নিহত হলেও পালনকর্তার কাছে পৌঁছে যাব, সেখানের আরামই আরাম। [কুরতুবী, ফাতহুল কাদীর, মুয়াস্সার]

তাকসীরে জাকারিয়া

(৫০) ওরা বলল, 'কোন ক্ষতি নেই,[1] নিশ্চয় আমরা আমাদের প্রতিপালকের নিকট প্রত্যাবর্তন করব।

[1] لَا ضَيْرَ কোন ক্ষতি নেই বা আমাদের কোন পরোয়া নেই। অর্থাৎ যে শাস্তিই তুমি আমাদের দিতে চাও, দাও। আমরা ঈমান আনা হতে বিরত হব না।

তাকসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=2982>

হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন